

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭

www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮- ৩২

তারিখ: ০২/০৪/২০২৬ইং


অফিস আদেশ

বিষয়: এলজিইডির বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আওতায় মন্ত্রণালয় এবং CCGP পর্যায়ে অনুমোদনযোগ্য e-GP এর মাধ্যমে (অনলাইন) ক্রয় সংক্রান্ত দরপত্র/আবেদন/প্রস্তাব মূল্যায়নের জন্য গঠিত “দরপত্র/আবেদন/প্রস্তাব মূল্যায়ন কমিটি”-তে এলজিইডির প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: ১। স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০০০.০৬৮.৯৯.০০০৬.২৫-২৫৮, তারিখ: ৩০/০৩/২০২৬ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ১নং স্মারকমূলে স্থানীয় সরকার বিভাগ হতে মন্ত্রণালয় এবং CCGP পর্যায়ে অনুমোদনযোগ্য e-GP এর মাধ্যমে (অনলাইন) ক্রয় সংক্রান্ত দরপত্র/আবেদন/প্রস্তাব মূল্যায়নের জন্য “দরপত্র/আবেদন/প্রস্তাব মূল্যায়ন কমিটি” পুনর্গঠন করা হয়েছে। পুনর্গঠিত সদর দপ্তর পর্যায়ের ক্রয় সংক্রান্ত মূল্যায়ন কমিটিতে (ক্রমিক নং- (৩), (৪), (৫) ও (৬)) সদস্য-সচিব হিসেবে এলজিইডির প্রতিনিধি (নির্বাহী প্রকৌশলীর নিম্নে নয়) মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

এক্ষণে, এলজিইডির বিভিন্ন উন্নয়ন প্রকল্পে কর্মরত উপ-প্রকল্প পরিচালক/ নির্বাহী প্রকৌশলী (জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষে) স্ব স্ব প্রকল্পের বিষয়ে উল্লিখিত ক্রয়কার্য বাস্তবায়নের জন্য গঠিত দরপত্র/আবেদন/প্রস্তাব মূল্যায়ন কমিটিতে সদস্য-সচিব হিসেবে মনোনয়ন প্রদান করা হলো। উল্লেখ্য যে, যে সকল প্রকল্পে উপ-প্রকল্প পরিচালক/ নির্বাহী প্রকৌশলী পদে কোন কর্মকর্তা কর্মরত নেই সেসকল প্রকল্পের জন্য Case-by-Case ভিত্তিতে প্রতিনিধি মনোনয়ন গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।



(মোঃ বেলাল হোসেন)

প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

ফোন: ০২-৫৫০০৭২৪৮


ই-মেইল: ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮- ৩২/১(৭৪০)

তারিখ: ০২/০৪/২০২৬ইং

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
- ৩। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলা:.....।
- ৫। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, .....উপজেলা, জেলা:.....।
- ৬। অফিস কপি



(মোঃ জাহিদ হোসেন খান)

নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)

ফোন: ০২-৫৫০০৬৭৭৫

ই-মেইল: xen.procurement@lged.gov.bd